

কুইন্সল্যান্ডের জন্য আমাদের পরিকল্পনা

আগামী ২৬ অক্টোবর ২০২৪ শনিবার: কুইন্সল্যান্ডের স্টেট নির্বাচন।

বড় ব্যবসায়ীদের জন্য নয়, আমরা স্থানীয় কুইন্সল্যান্ডবাসীর পক্ষে কাজ করতে চাই।

লেবার এবং LNP - মানুষের চেয়ে ব্যবসায়িক লাভকে বেশি গুরুত্ব দিয়ে, মানুষের জীবনযাপন প্রতিদিন কঠিন করে তুলছে।

এই 'দুই-দল সর্বস্ব ব্যবস্থা' চিরতরে ভাঙতে - দ্যা গ্রিনস এবার ১০টি আসনের জন্য নির্বাচন করছে।

আসল পরিবর্তন সেই প্রার্থীর মাধ্যমেই আসবে, যে আপনার জন্য বিশ্বস্ততার সাথে লড়বে।

আবাসন সমস্যার সমাধান

বাড়িভাড়া বৃদ্ধি নিয়ন্ত্রণ করা হবে, যাতে ২ বছর পর্যন্ত কোনো ভাড়া না বাড়ে। যাতে বাসিন্দারা লিজ নবায়নের নিশ্চয়তা পায়। উন্নত ডিজাইনে ১ লক্ষ পাবলিক হোম তৈরি করা হবে, যাতে কম দামে মানুষ নিজেদের প্রথম বাড়ি কিনতে পারে, বা ভাড়া থাকতে পারে।

আবহাওয়া ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ

ক্ষমতায় আসার পর কুইন্সল্যান্ড লেবার ৩৮টি নতুন কয়লা খনিকে অনুমোদন দিয়েছে। লেবার এবং LNP আরও ৩৭টি নতুন খনি খুলতে চাইছে। সকল নতুন কয়লা ও গ্যাসের খনি বন্ধ করা হবে। ১০০% নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের মাধ্যমে পরিবেশবান্ধব 'গ্রিন' ইন্ডাস্ট্রি তৈরি করা হবে।

সবার জন্য বিনামূল্যে স্বাস্থ্যসেবা

বিনামূল্যে স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ২০০টি ফ্রি জিপি ক্লিনিক তৈরি করা হবে। জরুরী নয় এমন সার্জারির অপেক্ষমাণ তালিকা দ্রুত শেষ করা হবে। পাবলিক হাসপাতালের 'জরুরী বিভাগ' যাতে আরও কার্যকর হয়, সেজন্য বাজেট বরাদ্দ হবে।

নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমানো

দৈনন্দিন ব্যবহারের ৩০টি প্রয়োজনীয় পণ্যের দাম কম এবং নির্দিষ্ট হবে। কোলস এবং উলিস জাতীয় বড় কর্পোরেট ব্যবসায়ীদেরকে - দ্রব্যমূল্য নির্ধারণ করতে দেয়া হবে না।

বিনামূল্যে শিক্ষা

চাইল্ড কেয়ার থেকে শুরু করে সব ধরনের পাবলিক স্কুল এবং টেইফ - সম্পূর্ণ বিনামূল্যে শিক্ষার আওতায় আসবে, যাতে আমাদের জীবনযাপনের খরচ কম হয়।

জনতার সম্পদে জনতার অধিকার

জলবন্দর, বিমানবন্দর, ট্রেন, জ্বালানি সহ সব জরুরী ব্যবস্থা – লেবার এবং LNP সম্পূর্ণভাবে বড় ব্যবসায়ীদের হাতে ছেড়ে দিয়েছে। আমাদের উদ্দেশ্য: এসবের মালিকানা জনগণের হবে। জনতার সম্পদ থেকে পাওয়া মুনাফা - জনতার কল্যাণে ব্যয় করা হবে।

বড় ব্যবসায়ীদের কাছ থেকে ন্যায্য ট্যাক্স আদায়

বড় ব্যাংক, খনি ব্যবসায়ী জাতীয় ধনীদেের থেকে ন্যায্য ট্যাক্স আদায় করে, কুইন্সল্যান্ডবাসীর উন্নত জীবনের জন্য ব্যয় করা হবে।



This material has been generously translated from our website content by supporters and volunteers and while every effort has been made to stay true to the intent of the messaging there may be room for improvement. If you wish to give feedback regarding the content please email us at translations@qld.greens.org.au